# বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম

একাদশ ও দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের জন্য

বিষয় ঃ ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ১ম পত্র

**অধ্যায় ঃ** ব্যবসায়ের আইনগত দিক

## মডেল প্রশ্ন-০১

জনাব টিপু স্থানীয়ভাবে প্রচুর পরিমাণে উৎপাদিত সরিষা সংগ্রহ করে একটি সরিষার তৈল এর কারখানা স্থাপন করেন। উৎপাদিত তৈলের গুন ও মানের বিবেচনায় বাজারে এর প্রচুর চাহিদা সৃষ্টি হয়েছে। তিনি উক্ত পণ্যটি টিয়া মার্কা সরিষার তৈল হিসেবে বাজারজাতকরণ করার ব্যবস্থা করেছেন। বাজারে অন্য সরিষার তৈল থেকে আলাদা এবং নকলমুক্ত রাখার জন্য তিনি পণ্যটি বোতলে একটি সতন্ত্র প্রতীক ব্যবহার করেন এবং তা নিবন্ধনের ব্যবস্থা করেন। এর ফলে টিয়া মার্কা সরিষার তৈল বাজারে স্থায়ী ভাবে পণ্য বিক্রি ও প্রচারের একছত্র অধিকারের মাধ্যমে ক্রেতাদের মাঝে সতন্ত্র ব্যান্ড হিসেবে পরিচিত করাতে পেরেছে।

ক) শিল্প আইন কী? ১

খ) বাণিজ্যিক আইনের পরিধি ব্যাপক-ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে টিয়ামার্কা সরিষার তৈলের বোতলে ব্যবহিত সতন্ত্র প্রতীকটি কী-ব্যাখ্যা কর। ৩

ঘ) টিয়া মার্কা সরিষার তৈল যে আইনে নিবন্ধিত হয়েছে এর ফলে পণ্যটি ক্রেতাদের মাঝে একছত্র ব্যান্ড পরিচিত করাতে অধিকার পেয়েছে-মূল্যায়ন কর। ৪

### ১নং প্রঃ উঃ ক

শিল্প আইন ঃ- দেশের কল্যাণে শিল্প কারখানায় উৎপাদন কার্য সুষ্ঠুভাবে পরিচালনার জন্য এবং শিল্পে নিয়োজিত শ্রমিক কর্মী ও নিয়োগকর্তাগণের স্বার্থ সংরক্ষণের উদ্দেশ্যে সবদেশে যে প্রচলিত বিধি বা আইন রয়েছে এই সকল আইনকে সামগ্রিক ভাবে শিল্প আইন বলা হয়।

### ১নং প্রঃ উঃ খ

পণ্য বা সেবা সামগ্রী বিনিময় ও বন্টনের লক্ষ্যে ব্যবসায় বাণিজ্যি সম্পর্কিত নানা প্রকার কার্যকলাপ ও লেনদেনে পরিচালনা ও নিয়ন্ত্রণের জন্য যে সব বিধি-বিধান প্রবর্তিত হয়েছে এসব বিধির সমষ্টিকে বাণিজ্যিক আইন বলা হয়।

সাধারণত একটি দেশে প্রচলিত বাণিজ্যি সংক্রান্ত সমস্ত আইন সমূহ বাণিজ্যিক আইনের অন্তর্গত। প্রচলিত চক্তি আইন, অংশিদারি আইন, কোম্পানি আইন, হস্তান্তর যোগ্য দলিল আইন, পণ্য পরিবহন আইন, বীমা আইন, দেউলিয়া আইনসহ বহুবিধ বাণিজ্য সংক্রান্ত আইন প্রধানত বাণিজ্যিক আইনের আওতাভূক্ত।

তাই বলা হয়, বাণিজ্যিক আইনের পরিধি অত্যন্ত ব্যাপক।

**১নং প্রঃ উঃ গ**

উদ্দীপকে উল্লেখিত টিয়া মার্কা সরিষার তৈলের বোতলে ব্যবহৃিত সতন্ত্র প্রতিকটি ট্রেডমার্ক।

ট্রেডমার্ক বলতে কোন কোন পণ্য বা সেবার ক্ষেত্রে ব্যবহৃিত একটি প্রতিক বা চিহ্ন যা পণ্যটিকে অন্য পণ্য বা সেবা থেকে আলাদা করে। তাই কোন পণ্য বা সেবা চিহ্নিত করার লক্ষ্যে ব্যবহিত চিহ্ন, প্রতিক বা সংকেতকে ট্রেডমার্ক বলা হয়।

এই প্যারায়ঃ------- উপসংহার হিসেবে পরিসমাপ্তি বাক্য লিখবে।

**১নং প্রঃ উঃ ঘ**

উদ্দীপকের টিয়ামার্কা সরিষার তৈলটি ট্রেডমার্ক আইনে নিবন্ধিত হয়েছে।

এই প্যারায় ঃ--- ট্রেডমার্ক আইন কী লিখবে এবং ১টি বৈশিষ্ট্য লিখবে।

এই প্যারায় ঃ--- উদ্দীপকের বর্ণনা থেকে এই ট্রেডমার্ক আইনের ফলে যে যে সুবিধা পেয়েছে তা সুন্দরভাবে বর্ণনা করবে।

এই প্যারায় ঃ--- ট্রেডমার্ক আইনের সহায়তায় যে যে অধিকারগুলো অর্জিত হয় তা লিখবে এবং এর ফলে বাজারে টিয়া মার্কা সরিষার তৈলের ক্রেতাদের ব্যান্ড পরিচিতির একছত্র অধিকারের মাধ্যমে অর্জিত সুবিধা বর্ণনা করবে।

এই প্যারায় ঃ--- পরিশেষে বাক্য দিয়ে ইতি টানবে।

## মডেল প্রশ্ন-০২

কৃষি নির্ভর বাংলাদেশে জনাব তরু ধান কাটা ও ধান মাড়াই যুক্ত এমন একটি নতুন যন্ত্র তৈরি করেন যা অল্প সময়ে অল্প শ্রমে একই সাথে ধান কাটা ও মাড়াই করা যায়। এই যন্ত্রটি শ্রমিকের ঘাটতি পূরণে ভূমিকা রাখায় সবাই এর প্রশংসায় পঞ্চমুখ। এর ব্যাপক সমাদৃতি দেখে জনাব তরু যন্ত্রটি বাণিজ্যিকভাবে তৈরি করা ও এর নিজস্ব অধিকারের জন্য নিবন্ধনের ব্যবস্থা করেন। পাশাপাশি তিনি বাংলাদেশে সহ বিশ্বের বিভিন্ন দেশে রপ্তানির জন্য যন্ত্রটির আন্তর্জাতিক মান স্বীকৃতির ব্যবস্থা করেন।

ক) মেধা সম্পদ কী? ১

খ) ব্যবসায়ে সফলতার জন্য ব্যবসায়ের আইনগত দিক জানা প্রয়োজন-ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে জনাব তরুর নুতন যন্ত্রটি নিবন্ধনের মাধ্যমে কোন অধিকার অর্জিত হবে-ব্যাখ্যা কর। ৩

ঘ) জনাব তরুর নুতন যন্ত্রটি দেশে-বিদেশে বিক্রয়ের জন্য আন্তর্জাতিক মান স্বীকৃতিটি সহায়ক ভূমিকা রাখবে- মূল্যায়ন কর। ৪

**২নং প্রঃ উঃ ক**

মেধা সম্পদ ঃ- ব্যক্তি তাঁর মেধঅ ও মননশীলতা ব্যবহার করে যা সৃষ্টি করেন। তাকে মেধা সম্পদ বলে।

## ২নং প্রঃ উঃ খ

ব্যবসায়কে বৈধতার সাথে গঠন, পরিচালনা ও নিয়ন্ত্রণের জন্য বিভিন্ন আইনের যে বিধি বিধান আছে, সেগুলোকে ব্যবসায়ের আইনগত দিক বলে।

ব্যবসায়কে সুষ্ঠু সুন্দর ও সঠিকভাবে গঠন ও পরিচালনার জন্য দেশে আইনগত বিধি-বিধান প্রচলন আছে। এগুলো সম্পর্কে সঠিক ধারণা থাকলে বিবিধ আইনগত সমস্যা সমাধান সহজ হয় এবং পরিচালনায় বিভিন্ন ধরণের সাহায্য সহযোগীতা আদায় করা যায়।

তাই ব্যবসায়ে সফলতার জন্য ব্যবসায়ের আইনগত দিক জানা প্রয়োজন।

## ২নং প্রঃ উঃ গ

উদ্দীপকে জনাব তরুর নুতন যন্ত্রটি নিবন্ধনের মাধ্যমে প্যাটেন্ট অধিকার অর্জিত হবে।

নতুন কোন উদ্ভাবিত জিনিস, বিষয় বা পদ্ধতি নির্দিষ্ট সময়ের জন্য আবিষ্কারককে ব্যবহার, বিক্রি বা উন্নয়ন করার ক্ষেত্রে সরকারের দেওয়া সম্পূর্ণ অধিকারকে প্যাটেন্ট বলে। প্যাটেন্ট হলো বুদ্ধিবৃত্তিক সম্পত্তি তথা প্যাটেন্ট গ্রহীতা এই সম্পত্তিকে বিক্রয় ও অন্য ব্যক্তিকে ব্যবহারকৃত লাইসেন্স এবং অনুমোদন নিতে পারেন।

এই প্যারায় ঃ----- উদ্দীপকে বর্ণনা থেকে প্রয়োজনীয় অংশ উপস্থাপন করবে।

এই প্যারায় ঃ--- উপসংহার অংশ লিখবে।

## ২নং প্রঃ উঃ ঘ

জনাব তরুর নুতন যন্ত্রটি আন্তর্জাতিক মানে স্বীকৃতি হিসেবে ISO সনদ গ্রহণের ব্যবস্থা করেছেন।

ISO হলো International Organization For Standardization অর্থাৎ পণ্যের গুণগত মান নির্ধারণের করার জন্য আন্তর্জাতিক মান সম্পদ দেওয়ার সংস্থা হলো ISO । এর মাধ্যমে মুক্তবাজার অর্থনীতি ও বিশ্বয়নের যুগে দেশে বিদেশে ব্যবসায় বাণিজ্য করা সহজ হয়।

এই প্যারায় ঃ--- উদ্দীপকের বর্ণনা থেকে নির্দিষ্ট প্রয়োজনীয় অংশ উদ্ধৃত করবে।

এই প্যারায় ঃ--- জনাব তরুর যন্ত্রটি দেশে-বিদেশে বিক্রয়ের জন্য ISO এর গুরুত্ব লিখবে।

এই প্যারায় ঃ--- পরিশেষের বাক্য লিখে শেষ করবে। (১ লাইন)

## মডেল প্রশ্ন-০৩

ঝর্ণা টেকনোলজি "আই ভিশন" নামে একটি সফ্টওয়্যার উদ্ভাবন করে, যা অল্প মানুষকে তাদের চলাচলের জন্য সহায়তা করবে। প্রাতিষ্ঠানটি তাদের উদ্ভাবিত সফ্টওয়্যারটি নিবন্ধনের ব্যবস্থা করেছে। দিনু টেকনোলজি "অই ভিশন" সফ্টওয়্যার হ্যাক করার মাধ্যমে সংগ্রহ করে নকলকপি করে তা বাজায়প্ত করণের চেষ্টা করেন। এতে ঝর্ণা টেকনোলজি আইনের আশ্রয়ের আবেদন করে।

ক) রয়্যালিটি কী? ১

খ) BSTI এর মাধ্যমে বাংলাদেশের পণ্যমান নির্ধারণ করা হয়-ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে ঝর্ণা টেকনোলজির "আই ভিশন" সফ্টওয়্যার কোন আইনের সহায়তা পাবে- ব্যাখ্যা কর। ৩

ঘ) দিনু টেকনোলজি "অই ভিশন" সফ্টওয়্যার নকল করার জন্য ঝর্ণা টেকনোলজি কী কোন আইনগত প্রতিকার পাবে- উত্তরের সপক্ষে বিশ্লেষণপূর্বক মতামত দাও। ৪

### ৩নং প্রঃ উঃ ক

রয়্যালটি ঃ- রয়্যালটি হলো লেখককে দেওয়া সম্মানী।

### ৩নং প্রঃ উঃ খ

BSTI হলো Bangladesh Standards & Testing Institution. অর্থাৎ বাংলাদেশে পণ্য ও সেবার মান নির্ধারণ, পরীক্ষা করা ও উন্নয়ন করার কাজে নিয়োজিত একমাত্র জাতীয় প্রতিষ্ঠানের নাম হলো বাংলাদেশ স্ট্যান্ডর্ড এন্ড টেস্টি ইনস্টিটিউশন (BSTI)

এটি মূলত পণ্যের মান নিয়ন্ত্রণ করে। এক্ষেত্রে পণ্য ও সেবার বিষয়ে আঞ্চলিক ও আর্ন্তজাতিক মানের সাথে দেশি মান নির্ধারণ করে BSTI । দৈর্ঘ্য, ওজন, ভার, আয়তন এবং শক্তির পরিমাপ বিষয়ে ও বাংলাদেশী মান প্রতিষ্ঠা করে এই প্রতিষ্ঠান।

তাই সার্বিকভাবে বলা হয় BSTI বাংলাদেশে সকল পণ্যের মান নির্ধারণকারী।

### ৩নং প্রঃ উঃ গ

উদ্দীপকে ঝর্ণা টেকনোলজির "আই ভিশন" সফ্টওয়্যারটি কপিরাইট আইনের সহায়তা পাবে।

এই প্যারায় ঃ--- কপিরাইট কী তা লিখবে।

এই প্যারায় ঃ--- উদ্দীপকের বর্ণনা থেকে টেকনোলজির "আই ভিশন" সফ্টওয়্যারটির নিবন্ধন পর্যন্ত লিখবে যা কপিরাইট নিবন্ধন।

এই প্যারায় ঃ--- উপসংহার লিখবে।

## ৩নং প্রঃ উঃ ঘ

হ্যাঁ, দিনু টেকনোলজি "আই ভিশন" সফ্‌টওয়্যার নকল করায় ঝর্ণা টেকনোলজি কপিরাইট ভঙ্গের ধারায় আইনগত প্রতিকার পাবে।

এই প্যারায় ঃ--- কপি শব্দটি বলতে পুনরুৎপাদন বুঝায়, যে কপিরাইট লঙ্ঘন করে প্রণীত হয় সে কপিকে লঙ্ঘনকারী কপি বলা হয়। কপিরাইট সংক্রান্ত নীতি ভঙ্গ করাই কপিরাইট লঙ্ঘন করা।

এই প্যারায় ঃ--- উদ্দীপকে বর্ণনা থেকে সফ্‌টওয়্যার হ্যাক করে নকল করার সংজ্ঞাটি লিখবে।

এই প্যারায় ঃ--- কপিরাইট ওদের জন্য পরিণতি গুলো বিশ্লেষণ করে লিখবে এবং ঝর্ণা টেকনোলজির জন্য প্রতিকার সম্পর্কে লিখবে।

এই প্যারায় ঃ----পরিশেষে বাক্য লিখবে।

## মডেল প্রশ্ন-০৪

এবি টেক্সটাইল কারখানার উৎপাদন নিরবিচ্ছিন্ন রাখার জন্য প্রচুর পরিমাণ তুলা গুদামে সংরক্ষণ করে রাখে। এই প্রতিষ্ঠানের প্রায় প্রতিটি উপকরণ অধিকতর দাহ্য হওয়ায় এবি টেক্সটাইল ঐ বিষয়টি বিবেচনায় বীমা করার ব্যবস্থা করেন। আবার উৎপাদনের কার্যক্রমে প্রচুর পরিমাণ বর্জ্য উপাদান বাতাসকে দূষিত করে বিধায় প্রতিষ্ঠানটি একটি দূষণ নিয়ন্ত্রণ যন্ত্র স্থাপনের কথা ভাবছে।

ক) প্রিমিয়াম কী? ১

খ) বীমাকে ঝুঁকি হস্তান্তরের চুক্তি বলা হয়-ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে এবি টেক্সটাইল কোন ধরনের বীমা করেছেন-ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকে এবি টেক্সটাইল যে ধরনের দূষণ নিয়ন্ত্রণে যন্ত্র স্থাপন করে পরিবেশ সংরক্ষণ করতে চায় তা খুবই জরুরী-বিশ্লেষণ কর। ৪

## ৪নং প্রঃ উঃ ক

প্রিমিয়াম ঃ- বীমা গ্রহীতা বীমাকারীরা বীমা কোম্পানিকে চুক্তি অনুযায়ী যে নির্ধারিত পরিমাণ অর্থ দেয় তাকে প্রিমিয়াম বলে।

## ৪নং প্রঃ উঃ খ

বিমা হলো ঝুঁকি হস্তান্তরের চুক্তি, যা বিমা গ্রহীতা নির্দিষ্ট পরিমাণ প্রিমিয়ামের বিপরীতে বিমাকারীকে নির্দিষ্ট বিষয়ে, নির্দিষ্ট সময়ের ঝুঁকি হস্তান্তর করে থাকে।

অর্থাৎ বিমা গ্রহীতা তার কোন বিষয় সম্পর্কে ভবিষ্যত ঝুঁকির সম্ভাবনা দেখলে ঐ ঝুঁকি হস্তান্তরের জন্য বিমাকারীকে নির্দিষ্ট পরিমাণ প্রিমিয়াম দিয়ে চুক্তি বন্ধ হয়। বিমাকারী ও এই ঝুঁকি বিবেচনায় এনে তা গ্রহণে সম্মত হয়।

তাই বলা হয় বিমা একটি ঝুঁকি হস্তান্তরের চুক্তি।

**৪নং প্রঃ উঃ গ**

উদ্দীপকে এবি টেক্সটাইল অগ্নিবীমা করেছেন।

এই প্যারায়--- অগ্নিবিমা কী লিখবে এবং এর ১টি বৈশিষ্ট্য আলোচনা করবে।

এই প্যারায় ঃ--- উদ্দীপকের বর্ণনা থেকে প্রয়োজনীয় অংশ উপস্থাপন করে, এটা যে অগ্নিবীমা তা বুঝিয়ে লিখবে।

এই প্যারায় ঃ--- উপসংহার হিসেবে একটি সমাপ্তি বাক্য লিখবে।

**৪নং প্রঃ উঃ ঘ**

উদ্দীপকে বায়ু দূষণ নিয়ন্ত্রণে যন্ত্র স্থাপনের মাধ্যমে পরিবেশ সংরক্ষণের ব্যবস্থা করতে চায়।

এই প্যারায় ঃ--- বায়ুতে ধোঁয়া, ক্ষতিকারক গ্যাস, ধুলা-বালি, আঁশ বা তন্তু, সিসাসহ বিভিন্ন ক্ষতিকারক উপাদান মিসে বায়ুর স্বাভাবিকতা নষ্ঠ হলে, তাকে বায়ু দূষণ বলে। বায়ু দূষণের ফলে আশে পাশের বাতাস দূষিত হয়ে মানুষ পশু-পাখি, গাছপালা তথা প্রকৃতির ক্ষতি করে।

এই প্যারায় ঃ--- উদ্দীপক বর্ণনা থেকে প্রয়োজনীয় অংশ লিখবে। তা যে বায়ু দূষণ করে তা লিখবে।

এই প্যারায় ঃ--- প্রকৃতিকে স্বাভাবিক রাখার জন্য এবি টেক্সটাইলের এই যন্ত্র স্থাপনে জরুরী তা যুক্তিসহ লিখবে।

এই প্যারায় ঃ--- পরিসমাপ্তি বাক্য লিখতে শেষ করবে।

## মডেল প্রশ্ন-০৫

লিমু শিপ ব্রেকিং কোম্পানির বঙ্গোপসাগরের তীরে ভাটিয়ারীতে অবস্থিত। সম্প্রতি তারা যুক্তরাষ্ট্র থেকে একটি জাহাজ কাটার জন্য কিনে নিয়ে আসে। জাহাজটি ফিল্ডে আসার পর লক্ষ্য করা গেল এতে প্রচুর পরিমাণ বর্জ্য রয়েছে যা সাগরকে দূষণ করবে। আবার এই জাহাজ কাটতে গেলে শ্রমিকের ক্ষতি হওয়ার সম্ভাবনা বেশী। তাই লিমু শিপ ব্রেকিং কোম্পানি ঐ জাহাজ কাটার সময় বিবেচনা করে শ্রমিক কর্মচারিদের বিমার ব্যবস্থা গ্রহণে কথা ভাবছে।

ক) পরিবেশ আইন কী? ১

খ) ব্যবসায় স্থাপনে পরিবেশ দূষণকে গুরুত্ব দিয়ে বিবেচনা করা উচিত-ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে লিমু শিপ ব্রেকিং কোম্পানি যুক্তরাষ্ট্রের জাহাজ কেটে কোন ধরনের পরিবেশ দূষণ সৃষ্টি করবে-ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকে লিমু শিপ ব্রেকিং কোম্পানি শ্রমিক-কর্মচারীদের জন্য যে বিমার কথা ভাবছে তা সময়োপযোগী-বিশ্লেষণ কর। ৪

**৫নং প্রঃ উঃ ক**

পরিবেশ আইন ঃ- পরিবেশ সংরক্ষণ, পরিবেশ উন্নয়ন এবং পরিবেশ দূষণ ও নিয়ন্ত্রণের জন্য দেশে যে প্রচলিত আইন আছে, তাই পরিবেশ আইন।

**৫নং প্রঃ উঃ খ**

প্রকৃতির বিভিন্ন উপাদানের সাথে জীবনের যে স্বাভাবিক ভারসাম্য বিদ্যমান, তা কোন কারণে নষ্ট হলে এবং পরিবেশের উপর নেতিবাচক প্রভাব পড়লে, তাকে পরিবেশ দূষণ বলে।

প্রত্যেক উদ্যোক্তার উচিত ব্যবসায় স্থাপনে পরিবেশ দূষণের কথা মাথার রাখা। কারণ পরিবেশ দূষণ শুধুমাত্র মানুষ, গাছপালা পশু পাখিসহ বহুবিধ ক্ষতি সাধন করে যা প্রাকৃতিক বিপর্যয়ের অন্যতম কারণ।

তাই যে কোন ব্যবসায় স্থাপনে পরিবেশ দূষণকে বিবেচনায় রাখা উচিত।

**৫নং প্রঃ উঃ গ**

উদ্দীপকে লিমু শিপ ব্রেকিং কোম্পানি যুক্তরাষ্ট্রের জাহাজটি কেটে পানি দূষণের সৃষ্টি করবে।

এই প্যারায় ঃ---- পানি দূষণ কী লিখবে এবং এর সম্পর্কে ১টি কারণ লিখবে।

এই প্যারায় ঃ---- উদ্দীপকের বর্ণনা থেকে প্রয়োজনীয় অংশ লিখবে। তা যে পানি দূষণের জন্য দায়ী হবে তা বুঝিয়ে লিখবে।

এই প্যারায় ঃ--- উপসংহার হিসেবে একটি সমাপ্তিসূচক বাক্য লিখবে।

**৫নং প্রঃ উঃ ঘ**

উদ্দীপকে লিমু শিপ ব্রেকিং কোম্পানি শ্রমিক কর্মচারীদের জন্য জীবন বীমা করার কথা ভাবছে।

এই প্যারায় ঃ--- জীবন বিমা কী লিখবে এবং এর ১/২টি বৈশিষ্ট্য লিখবে।

এই প্যারায় ঃ--- উদ্দীপকের বর্ণনা থেকে প্রয়োজনীয় অংশ উদ্ধৃত করবে। এবং তা যে জীবনের জন্য এটা বুঝিয়ে লিখবে।

এই প্যারায় ঃ--- সম্ভাব্য ক্ষতির কথা সব সময় মাথায় রেখে কোম্পানি কাজ করা উচিত এতে ঝুঁকি হ্রাস পায়। এটা যে অনেক জরুরীও সময়োপযোগী তা যুক্তি দিয়ে বিশ্লেষণসহ লিখবে।

এই প্যারায় ঃ--- পরিশেষের বাক্য লিখবে।